



গাজায় ইসরায়েলি হামলায় নিহত ৭৪ হাজার ছাড়া



ছবি: সংগৃহীত

ফিলিস্তিনের গাজা উপত্যকায় ইসরায়েলের সামরিক অভিযানে নিহতের সংখ্যা বেড়ে ৭৪ হাজার ৩৭০ জনে পৌঁছেছে। এ ছাড়া আহত হয়েছেন ১ লাখ ৭৫ হাজার ৩৭১ জন। গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়ের সর্বশেষ পরিসংখ্যানে এ তথ্য উঠে এসেছে।

আল জাজিরার প্রতিবেদনে বলা হয়েছে, স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, গত ৪৮ ঘণ্টায় গাজায় আরও ১০ জনের মৃত্যু হয়েছে। তাঁদের মধ্যে একজন আগে আহত হয়েছিলেন। একই সময়ে নতুন করে আহত হয়েছেন ৬৫ জন।

মন্ত্রণালয়ের হিসাব অনুযায়ী, ২০২৫ সালের অক্টোবরে যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পরও গাজায় প্রাণহানি থামেনি। ওই সময় থেকে এখন পর্যন্ত ইসরায়েলি হামলায় অন্তত ১ হাজার ৪৮১ জন ফিলিস্তিনি নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও ৫ হাজার ২৫৪ জন।

এ ছাড়া ধ্বংসস্তূপের নিচ থেকে উদ্ধার করা হয়েছে ৮৩৬ জনের মরদেহ। ধসে পড়া ভবনের নিচে নিখোঁজ ব্যক্তিদের খুঁজে বের করা এবং আহতদের চিকিৎসা দেওয়া এখনো উদ্ধারকর্মী ও স্বাস্থ্যসেবাকর্মীদের জন্য বড় চ্যালেঞ্জ।

স্বাস্থ্য মন্ত্রণালয়ের প্রকাশিত এই পরিসংখ্যানের বাইরে প্রকৃত হতাহতের সংখ্যা আরও বেশি কি না, তা স্বাধীনভাবে যাচাই করা কঠিন। যুদ্ধবিরতির পরও প্রাণহানি অব্যাহত থাকায় গাজার মানবিক পরিস্থিতি নিয়ে উদ্বেগ বাড়ছে।